পৌরবাসীর পাশে মেহেরপুর পৌর মেয়র

করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি মানবিক কাজ করে চলেছেন মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

রমজানের আগে থেকেই পৌর সভার প্রতিটি ওয়ার্ডে বসবাসরত প্রত্যেক পরিবারকে বাড়ি বাড়ি গিয়ে দিয়ে আসছেন খাদ্য সামগ্রী। যা এখনো চলমান রয়েছে। করোনা আতঙ্ক ও রমজানের ক্লান্তি উপেক্ষা করে এ পর্যন্ত প্রায় ৯ হাজার পরিবারকে দিয়েছেন খাদ্য সহায়তা।

এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার মেহেরপুর পৌরসভার ৭ নং ওয়ার্ডের মল্লিক পাড়ায় ২৮০ কর্মহীন মানুষের বাড়িতে বাড়িতে খাবার সামগ্রী বিতরন করা হয়েছে।

খাবার সমাগ্রী বিতরনকালে সহযোগীতা করেন পৌর কাউন্সিলর ইভান, সৈয়দ আব্দুল্লাহ হেল বাপ্পি, নুরুল আশরাফ রাজিব, যুবলীগ নেতা আমানুর রহমান সোহেল, শেখ সারাফাত, আফজাল হোসেন লিখন, রোকন,সদর থানা ছাত্রলীগের সাধারন সম্পাদক ফয়সাল আহমেদ সহ পৌরসভার কর্মচারীগন।

মেপ্র/এমএফআর

আমার সব শেষ হয়ে গেলো- দিন মজুর মুকুলের আর্তনাদ

মেহেরপুর সদর উপজেলার বারাদি গ্রামের দিন মজুর মুকুল। জীবনের উপার্জিত টাকার সব টুকু দিয়ে মাস নয়েক আগে কিনেছিল একটি গরুর বাছুর। আশা ছিল বড় হলে বিক্রি করে ঘরের ছাদ আটবে। কিন্তু পোড়া কপালে সে সুখ আর সইল না।

বৃহস্পতিবার সকালে সেফটি ট্যাংকের মধ্যে পড়ে মারা যায় গরুটি। সেই সাথে সাথে সপ্নটিও শেষ হয়ে নিমিশেই।

মুকুল বলেন ৯ মাস আগে একটি এড়ে গরু ক্রয় করেছিলোম ৬৫০০০ হাজার টাকা দিয়ে যার বর্তমান বাজার মূল্য প্রায় দেড় লক্ষ টাকা।

একমাত্র অবলম্বন টি হারিয়ে দিশেহারা হয়ে পড়েছি।

দর্শনায় আদিবাসীদের সাথে ওরিয়েন্টেশন ও উপকরণ বিতরণ

স্বাস্থ্য বিধি মেনে চলাচল ও স্বাস্থ্য বিধির ব্যবহার বিষায়ক রামনগর আদিবাসী সম্প্রদায়ের নারী-পুরুষের মধ্যে করোনা ভাইরাস প্রতিরোধে ওরিয়েন্টেশন ও উপকরণ বিতরণ করা হয়েছে।

বৃস্পতিবার সকাল ৮টায় ইয়ুথ এসেম্বলির আয়োজনে এবং ওয়েভ ফাউন্ডেশন সহযোগিতায় দর্শনা রামনগর বাগদী পাড়ায় ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়।

এসময় আদীবাসী সম্প্রদায়ের শতাধিক মানুষ দু দফায় শারিরীক দুরুত্ব বজায় রেখে ওরিয়েন্টেশনে অংশ নেয়। ওরিয়েন্টেশনের আগেই প্রত্যেক অংশ গ্রহনকারীকে একটি করে মাস্ক প্রদান করা হয়। আদীবাসী সম্প্রদায়ের মানুষ ও সমাজের একজন। ফলে তাদের স্বাস্থ্য সুরক্ষা নিয়ে ওরিয়েন্টেশন প্রদান করেন, দর্শনা পরিবার পরিকল্পনা কেন্দ্রর উপ-সহকারী মেডিকেল অফিসার ডাঃ ফরিদা পারভীন ও ডাঃ আনোয়ার হোসেন রাজিব।

এসময় উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-সম্বনয়কারী কামরুজ্জামান যুদ্ধ ও ইসরাইল হোসেন খান টিটো।

এছাড়া ইয়ুথ এসেম্বলি গ্রুপের হাবিবুর রহমান সজিব সুজন নিপুন ও জগনাথসহ ১১জন উপস্থিত ছিলেন। এছাড়া বেলা ২টার দিকে পাকৃষ্ণপুর মদনা ইউনিয়ন ইয়ুথ এসেম্বলি গ্রুপের নিজ উদ্যোগে মদনা গ্রামে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে খাদ্য উপহার প্রদান করেন।

খাদ্য উপহার তুলে দেন ইয়ুথ এসেম্বলি গ্রুপের মানিক, জুয়েল, সুরাইয়া ও রোমা এবং অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাকের পার্টির নেতা আজমুল হক।

দামুড়হুদাসহ বিভিন্ন জায়গায় সেনাবাহিনীর ত্রাণ বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ও কুড়ুলগাছিতে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে সেনাবাহিনী সদস্যরা বাড়ি বাড়ি গিয়ে ত্রাণ সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করেছে।

বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে কার্পাসডাঙ্গা ও কুড়ুলগাছি এলাকার হতদরিদ্রদের খাদ্য সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করেন সেনাবাহিনীর সদস্যরা। নগদ অর্থ ও খাদ্য সামগ্রী করোনা ভাইরাস সংক্রমণের প্রতিরোধমূলক সকল নির্দেশনা ও দূরত্ব বজায় রেখে বিতরণ করা হয়েছে।

যশোর সেনানিবাসের ১৯ ইস্টবেঙ্গল ৫৫ ডিভিশনের ক্যাপ্টেন ইমরানের নেতৃত্বে সেনাবাহিনী সদস্যরা করোনা ভাইরাসের কারনে সংকটময় মুহূর্তে খেটে খাওয়া মানুষের মাঝে ত্রাণ ও নগদ অর্থ বিতরণ করেন।

এসময় ক্যাপ্টেন ইমরান বলেন, করোনা ভাইরাসের কারনে কর্মহীনদের মাঝে ত্রাণ বিতরণ করার জন্য সকলের এগিয়ে আসা উচিত। করোনা ভাইরাস প্রতিরোধে সকলের সচেতন হতে হবে। বাংলাদেশ সেনাবাহিনী সংকটময় মুহূর্তে দেশ ও জনগনের পাশে ছিলো এবং থাকবে।

তিনি আরো জানান, সেনাবাহিনী এ খাদ্য সহায়তা কর্মসূচি অব্যাহত থাকবে।

দর্শনা রেল বাজারের প্রবেশ মুখে জীবনু-নাশক টানেল উদ্বোধন

দর্শনা রেল বাজারে প্রবেশ মুখে স্বাস্থ্য বিধি সুরক্ষায় ওয়েভ ফাউন্ডেশনের পক্ষ দর্শনা রিক্সা স্ট্যান্ড বটতলায় থেকে জীবনু- নাশক স্প্রে টানেলের উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বৃস্পতিবার সকাল সাড়ে ৯টায় উদ্বোধনের পর জীবনু-নাশক স্প্রে টানেলের কার্যক্রম শুরু হয়। ফলে রেল বাজারে ক্রেতা ও বিক্রেতারা জীবানুমুক্ত হয়ে বাজারে স্বাস্থ্য সুরক্ষা করে নির্বিঘ্নে বাজারে প্রবেশ করে তাদের কেনা-কাটা করছে।

এছাড়া তিনি সকাল ৯টায় দর্শনা অংকুর কেজি স্কুল মাঠে কর্মহীন মানুষের মাঝে খাদ্য উপহার প্রদান করেন। এরপর জীবনু-নাশক স্প্রে টানেল উদ্বোধন শেষে চুয়াডাঙ্গার উদ্যেশে চলে যান।

বাজার কমিটির উদ্যোগে বাজারের সব কয়টি প্রবেশ মুখে জীবানু-নাশক দিয়ে চটের বস্তা ভিজিয়ে রেখেছে এবং যুব ফোরামের মাধ্যমে প্রত্যেক ক্রেতা-বিক্রেতাদের হাতে স্যানিটাইজ লাগিয়ে দিচ্ছে। এছাড়া বাজারে শিশু ও বৃদ্ধদের প্রবেশ নিষেধ করছেন। সবচেয়ে এবার রমজানের বাজার ব্যবস্থাপনায় করোনা মুক্ত রাখতে তাদের এ উদ্যোগ বেশ প্রসংশা পেয়েছে।

এছাড়া বাজারের ভিতর বাই-সাইকেল, মোটর-সাইকেল, ভ্যান, রিক্সা, আলমসাধু ও অটোরিক্সা প্রবেশ করতে দেওয়া হচ্ছে না। ফলে ক্রেতারা নির্বিঘ্নে তাদের দুরুত্ব বজায় রেখে কেনা কাটা করতে পারছে।

জীবনু-নাশক স্প্রে টানেলের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান আলী মুছুর বাবু, উপজেলা নিবার্হী অফিসার এস এস মুনিম লিংকন, দর্শনা দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, ওয়েভ ফাউন্ডেশনের অর্থ পরিচালক আমিরুল ইসলাম ও সমন্বয়কারী কিতাব আলী প্রমুখ।

গাংনীর সাহারবাটিতে দিনে দুপুরে দূরধর্ষ চুরি

গাংনীর সাহারবাটি চারচারা বাজারে রানা সু স্টোর নামক একটি জুতা সেন্ডেল ও বিকাশের দোকনের তালা ভেঙ্গে ২ লক্ষাধিক টাকা চুরির ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার দুপুর ১ টা থেকে ২ টার মধ্যে এ চুরির ঘটনা ঘটে।

রানা সু স্টোরের সত্বাধিকার সাহারবাটি গ্রামের মো: বাবলু হোসেন জানান, বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে দোকানে তালা লাগিয়ে বন্ধ করে বাড়িতে নামাজ এর জন্য যায়। ২ টার সময় দোকানে এসে দেখি তালা ভাঙ্গা।

এ অবস্থায় দেখে পার্শবর্তী ব্যাবসায়ীদের বিষয়টি জানানো হয়। দোকানের ক্যাশ টেবিল থেকে নগদ ২ লাখ ১০ হাজার টাকা ও বিকাশ ব্যাবসায় ব্যাবহৃত একটি মোবাইল সেট ও তার মধ্যে ২০ হাজার টাকা চুরি হয়ে যায়।

তিনি আরো জানান, গতকাল সকালের দিকে বাজারের সিসি ক্যামেরার একটি তার ছিড়ে তার ব্যাবসা প্রতিষ্ঠানের দিকের সিসি ক্যামেরাটা অকেজো হয়ে রয়েছে। ফলে টাকা চুরির সাথে জড়িতদের সনাত্ব করা মুশকিল হয়ে দাঁড়িয়েছে। জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান ও বিশিষ্ট ব্যাবসায়ী তৌহিদ মুর্শেদ অতুল জানান, বাজারের সিসি টিভি’র ফুটেজ যাচাই বাছাই করা হচ্ছে।

স্থানীয় ব্যাবসায়ীদের অভিযোগ বাজারে সিসি টিভি থাকা সত্বেও প্রায় চুরির ঘটনা ঘটেই চলেছে। কিছুদিন আগে একটি ওয়েল্ডিং এর দোকানে একটি সাইকেল চুরি হয়ে যায়। সেদিনেও তার দোকানের দিকের সিসি টিভির সমস্যা থাকায় চোর সনাক্ত হয়নি। এভাবে চুরির ঘটনা ঘটতে থাকলে বাজারের ব্যাবসায়ীরা দেউলিয়া হয়ে যাবার শংকা প্রকাশ করেন।

গাংনী থানার এসআই শুধাংশু জানান, ব্যাবসায়ীদের সংবাদে বাজারে এসে সিসি টিভি’র ফুটেজ যাচাই করা হচ্ছে। টাকা চুরির ঘটনায় জড়িতদের

করোনা আতঙ্ক উপেক্ষা করে খাদ্য নিয়ে বাড়ি বাড়ি গোলাম রসুল

করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি মানবিক কাজ করে চলেছে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

জেলা পরিষদের উদ্যোগে দ্বিতীয় দফায় খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত রয়েছে।

এর আগে প্রথম দফায় ২ হাজার ৪৩ পরিবারের মাঝে ৫কেজি চাল,২কেজি আলু,১লিটার তেল,১কেজি ডাল বিতরণ করা।

দ্বিতীয় দফায় ৪ হাজার পরিবারের মাঝে ১০ কেজি আলু, ১লিটার তেল, ১ কেজি ডাল, ৫শ গ্রাম খেজুর ও ১টি সাবান বিতরণ করা হবে।

এ পর্যন্ত প্রায় ২ হাজার পরিবারের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী তুলে দিয়েছেন চেয়ারম্যান গোলাম রসুল।

এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার মেহেরপুর সদর উপজেলা আমঝুপি, রাজনগর, বারাদী, পাটকেল পোতা, কোমরপুর, বলিয়ারপুর, সোনাপুর, ও কাঁঠালপোতা গ্রামের দুস্থ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

এ বিষয়ে চেয়ারম্যান গোলাম রসুল বলেন, আমরা দ্বিতীয় দফায় কর্মহীন পরিবারের মাঝে খাদ্য বিতরণ শুরু করেছি। এবার আমরা ৪ হাজার পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করবো।

এছাড়াও তিনি বলেন, এর আগে প্রথম দফায় আমরা ২ হাজার ৪৩ পরিবারের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী পৌঁছে দিয়েছি। এবারও আমরা বাড়ি

বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী পৌঁছে দিচ্ছি। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমাদের এই খাদ্য বিতরণ চলামান থাকবে।

মেপ্র/এমএফআর

তামাকজাত দ্রব্যের সুর্নিদিষ্ট কর কাঠামোর দাবীতে অনলাইন মানববন্ধন

করোনার অর্থনৈতিক ক্ষতি পোষাতে ও জনস্বাস্থ্যের সুরক্ষায় ক্ষতিকর তামাকজাত দ্রব্যের ওপর সুনির্দিষ্ট করারোপ করার দাবীতে অনলাইন মানববন্ধন অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার বেলা ১১টা থেকে এই অনলাইন মানববন্ধন শুরু হয়। সারাদেশের শতাধিক তামাক নিয়ন্ত্রণে র্কাযরত সংগঠন ও সাধারণ মানুষ এই মানববন্ধনে ‘তামাকজাত দ্রব্যের উপর সুনির্দিষ্ট কর আরোপের দাবী’ জানান।

বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা)’র ও এইড ফাউন্ডেশন উদ্দ্যোগে এবং দ্যা ইউনিয়নের সহযোগীতায় এই অনলাইন মানববন্ধনে বাংলাদেশ নেটওয়ার্ক ফর টোব্যাকো ট্যাক্স পলিসি (বিএনটিটিপি), টোব্যাকো কন্ট্রোল অ্যান্ড রিসার্চ সেল, আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থা, সিয়াম, সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থা, মৌমাছি, সাফ, কেএনকেএস, পল্লী উন্নয়ন সংস্থা (পাস), সুরঙ্গন সাংস্কৃতিক একাডেমি, গাংনী থিয়েটারসহ সারাদেশ থেকে বিভিন্ন সংগঠন অংশগ্রহন করেন।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক এর মাধ্যমে বাংলাদেশে এই প্রথম অনলাইন মানববন্ধন অনুষ্ঠিত হয়। অংশগ্রহনকারীরা একটি সময়োপযোগী তামাক-কর ব্যবস্থার প্রবর্তন এবং তামাকজাত দ্রব্যের ওপর সুনির্দিষ্ট কর আরোপের জন্য “কোভিড-১৯ এর আর্থিক ক্ষতি মোকাবিলায় তামাকজাত দ্রব্যের উপর উচ্চহারে করারোপ চাই” “তামাকজাত দ্রব্যে সুনির্দিষ্ট কর, জীবন বাচাঁবে বাড়াবে রাজস্ব”- “জনস্বাস্থ্য সুরক্ষায় তামাকজাত দ্রব্যের উপর উচ্চহারে করারোপ

চাই”- এসকল শ্লোগান লেখা লিফলেট হাতে নিয়ে নিজ অবস্থান থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে দাবী পোস্ট করেন।

কোভিড-১৯ এর প্রভাবে সারাদেশের সকল কাজের স্থবিরতার মধ্যেও আগামী অর্থবছরের বাজেট অধিবেশন অনুষ্ঠিত হবে। তামাক বিরোধী সংগঠনের নেতৃবৃন্দের সিদ্ধান্তে সামাজিক যোগাযোগের মাধ্যমে তামাক নিয়ন্ত্রণের কাজের অগ্রগতি বৃদ্ধি করতে এই অনলাইন মানববন্ধন।
এনবিআর প্রকাশিত গবেষণা গ্রন্থে তামাকজাত দ্রব্যে সুনির্দিষ্ট করারোপের কথা বলা হয়েছে।

তামাক জাত দ্রব্যের ওপর সুনিদিষ্ট কর আরোপ হলে প্রায় ২০ লক্ষ প্রাপ্তবয়স্ক ধূমপায়ী ধূমপান ত্যাগে উৎসাহিত হবে। সম্পূরক শুল্ক ও ভ্যাট বাবদ চলতি অর্থবছরে চেয়ে ৪ হাজার ১০০ কোটি থেকে ৯ হাজার ৮০০ কোটি টাকা পর্যন্ত বেশি রাজস্ব আয় হবে। যার হার বিড়ি ও সিগারেট থেকে প্রাপ্ত বর্তমান রাজস্বের চেয়ে অন্তত ১৪% বেশি।

বাংলাদেশ তামাক বিরোধী সংগঠনগুলোর দাবী করোনার অর্থনৈতিক ক্ষতি পোষাতে ও জনস্বাস্থ্যের সুরক্ষায় ক্ষতিকর তামাকজাত দ্রব্যের ওপর সুনির্দিষ্ট করারোপ করা হোক। বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা), এইড ফাউন্ডেশনসহ তামাক বিরোধী বিভিন্ন সংগঠনের শতাধিক নেতৃবৃন্দ এ মানববন্ধনে অংশ নেন।

মেহেরপুর রাজনগরে সড়ক র্দুঘটনায় ৩ জন আহত

মেহেরপুরের রাজনগর সেড়ক দুর্ঘটনায় ৩ জন আহত হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরের দিকে রাজনগর গ্রামে ট্রাকটার নিয়ন্রণ হারিয়ে এ র্দুঘটনায় ঘটে।

আহতরা হলেন রানা(২২), সাব্বরি(১৮) ও ফয়েজ(৪০) উদ্দনি। আহতদের মেহেরপুর জেনারের হাসপাতালে আহতদের স্থানীয় লোকজনরে মাধ্যমে উদ্ধার করে মেহেরপুরে সদর হাসপাতালে নেওয়া হয়েছে।

রানাকে প্রাথমকি চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হলেও বাকি ২ জনকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রাখা হয়েছে।

স্থ্নীয় সুত্রে জানা যায়, বৃহস্পতিবার দুপুরের দিকে একটি ট্রাকটর নিয়ন্ত্রন হারিয়ে পাশের একটি পুকুরে পড়ে যায়। এতে চালকসহ তিন জন আহত হয়।
মেপ্র/এমএফআর

মেহেরপুরের রাধাকান্তপুরে যুব সমাজের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামে যুব সমাজের পক্ষ থেকে অসহায় কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে প্রায় ৫০ পরিবারকে এই খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

করোনার সংকটময় পরিস্থিতি এবং পবিত্র ঈদুল ফিতর কে সামনে রেখে খাদ্য বিতরণ অব্যাহত থাকবে বলে জানান যুব সমাজের সদস্যরা।

এ সময় বর্তমান পরিস্থিতি মোকাবেলায় সবাইকে যার যার অবস্থান থেকে গরীব, দুস্থ, অসহায়, কর্মহীন মানুষের পাশে দাঁড়ানোর আহবান জানান যুব সমাজ।

খাদ্য বিতরণে সহযোগিত করেন সুজন, সেন্টু, শামীম, জাহিদ, জহিরুল, এরশাদ, কাবিদুল, রাহুল, আনিস, তাছিকুল প্রমুখ।